

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লো-পরিবহন মন্ত্রণালয়

প্রজাপন

তারিখ, ৩০শে অক্টোবর, ২০০১ইং/১৫ই কার্তিক, ১৪০৮বাং

এস, আর, ও নং ৩০৮/আইন—Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর section 82 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যাহা উক্ত Ordinance এর section 82 এর sub-section (1) এর প্রয়োজন মোতাবেক ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৯ ইং মোতাবেক ১২ই আশ্বিন, ১৪০৬বাং তারিখের এস, আর, ও নং-২৮৪-আইন/৯৯ দ্বারা প্রাক- প্রকাশনা করা হইয়াছিল, যথা :—

অধ্যায়-১

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম। —এই বিধিমালা অভ্যন্তরীণ জাহাজ (ফি- বোর্ড) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা। —বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “অধ্যাদেশ” অর্থ The Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976);
- (খ) “অভ্যন্তরীণ জলপথ” অর্থ অধ্যাদেশের section 2 (e)-এ সংজ্ঞায়িত “inland ship”;
- (গ) “উন্নুক জাহাজ” অর্থ ওয়েদার ডেক বিহীন জাহাজ;

(১০১৯৭)

মূল্য : টাকা ৩.০০

- (প) “উন্নুক্ত যাত্রীবাহী” অর্থ ১২ জনের অধিক যাত্রী বহনে ব্যবহৃত উন্নুক্ত জাহাজ;
- (ঙ) “জাহাজ” বা “অভ্যন্তরীণ জলপথ” অর্থ অধ্যাদেশের section 2 (e) এ সংজ্ঞায়িত “inland water”;
- (চ) “টাগ” অর্থ জাহাজ বা ভাসমান সরঞ্জাম টানিয়া আনা বা ঠেলিয়া নেওয়ার কাজে ব্যবহারের উদ্দেশ্যে নির্মিত জলযান;
- (ছ) “ট্যাংকার” অর্থ ট্যাংকে বা আধারে প্রচুর পরিমাণ তরল পদার্থ বহনের জন্য ব্যবহৃত অভ্যন্তরীণ জাহাজ;
- (জ) “ড্রাফট” অর্থ জাহাজের (L) মাঝামাঝি স্থানে জাহাজের তলির কিনারা এবং বোরাই জলরেখার (Load Water Line) মধ্যকার উচ্চতা দূরত্ব;
- (ঘ) “দৈর্ঘ্য (L)” অর্থ লোড ওয়াটার লাইনে (বোরাই জলরেখা) জাহাজের অগভাগে টেইম (stem) এর সম্মুখ প্রান্ত হইতে রাডার পোষ্ট এর পশ্চাত্প্রান্ত অথবা জৌহাজে যদি রাডার পোষ্ট না থাকে, তাহা হইলে রাডার টকের কেন্দ্র পর্যন্ত দূরত্ব;
- (ঙ) “নতুন জাহাজ” অর্থ এই বিধিমালা কার্যকর হওয়ার পরে নিবন্ধনকৃত কোন জাহাজ;
- (ট) “নিরাপত্তা দূরত্ব” অর্থ পানি বিরোধী ফ্রি-বোর্ড, ডেকবিহীন জাহাজ বা ভাসমান সরঞ্জামের গভীরতা;
- (ঠ) “ফ্রি-বোর্ড ডেক” অর্থ সর্বোপরিষ্ঠ আবহাওয়ারোধী বা পানিরোধী ডেক;
- (ড) “বর্ষব্যাপী অশান্ত জলসীমা” অর্থ অভ্যন্তরীণ জলপথের সেই অংশ যাহা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, বর্ষব্যাপী অশান্ত জলসীমা বলিয়া ঘোষণা করা হয়;
- (ঢ) “বর্ষব্যাপী শান্ত জলসীমা” অর্থ অভ্যন্তরীণ জলপথের সেই অংশ যাহা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, বর্ষব্যাপী শান্ত জলসীমা বলিয়া ঘোষণা করা হয়;
-) “ভাসমান সরঞ্জাম” অর্থ ড্রেজার, ভাসমান ক্রেন, ইত্যাদির মত স্ব-চালিত নহে এমন বিবিধ সরঞ্জাম যাহা ভাসমান অবস্থায় বিভিন্ন কাজ করিবার জন্য ব্যবহৃত হয়;
- (ত) “মাছ ধরার নৌযান” অর্থ মাছ ধরিবার কাজে ব্যবহৃত বা তদুদ্দেশ্যে নির্মিত জাহাজ;
- (থ) “মালবাহী জাহাজ” অর্থ মালামাল এবং অনধিক ১২ জন যাত্রী বহনের জন্য ব্যবহৃত স্ব-প্রচালিত জাহাজ;

- (দ) "মৌসুমী অশান্ত জলসীমা" অর্থ অভ্যন্তরীণ জলপথের সেই অংশ যাহা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আংশিক অশান্ত জলসীমা বলিয়া ঘোষণা করা হয়;
- (ধ) "যাত্রী" অর্থ অভ্যন্তরীণ জাহাজের আরোহীদের মধ্যে জাহাজের মাস্টার, অফিসার ও নাবিক ব্যতীত যে কোন ব্যক্তি, তবে এক বৎসরের কম বয়সী শিশু যাত্রী অন্তর্ভুক্ত হইবে না;
- (ন) "যাত্রীবাহী জাহাজ" অর্থ ১২ জনের অধিক যাত্রী বহনে ব্যবহৃত ওয়েদার ডেক সম্পর্কিত জাহাজ এবং একাধিক ডেকবিশিষ্ট জাহাজও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (প) "সড়ক ফেরী" অর্থ ১২ বা উহার অধিক যাত্রী বা এক বা একাধিক যানবাহন পারাপারে নিয়োজিত উন্মুক্ত ফ্লাশ ডেক জাহাজ; এবং
- (ফ) "সার্ভিস লোয়ান" অর্থ যাত্রীবাহী জাহাজ, মালবাহী জাহাজ, ট্যাংকার বা মাছ ধরার লোয়ান নহে এমন প্র-প্রচালিত জাহাজ যাহা বিশেষ দায়িত্ব সম্পাদনের জন্য নির্মিত।

৩। প্রয়োগ। —ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, এই বিধিমালা আকার ও প্রকার নির্বিশেষে সকল জাহাজ ও ভাসমান সরঞ্জামের দ্বিতো প্রযোজ্য হইবে।

অধ্যায়-২

চিহ্নিতকরণ

৪। চিহ্নিতকরণ। —(১) ফ্রি-বোর্ড এবং বোরাই রেখা (Load Line) চিহ্ন জাহাজ ও ভাসমান সরঞ্জামের উভয় পার্শ্বে থাকিবে, খোদাই বা কাটা নকশার সাহায্যে চিহ্নিত করিতে ও আকিয়া দিতে হইবে এবং জাহাজের মধ্যস্থলে স্থাপন করিতে হইবে।

(২) এই চিহনসমূহ গাঢ় পটভূমিতে সাদা এবং হালকা পটভূমিতে কালো হইতে হইবে।

(৩) নিম্নবর্ণিত চিহনগুলী প্রয়োগ করিতে হইবে, যথা :—

- (ক) ফ্রি-বোর্ড লাইন হইবে ৪৫০ মিলিমিটার দীর্ঘ ও ২৫ মিলিমিটার প্রশস্ত আনুভূমিক রেখা যাহার উর্দ্ধ প্রান্ত থাকিবে শান্ত পানিতে সর্বাধিক অনুমোদিত ড্রাফট (draft) এ এবং উহা সরাসরি ডেক লাইনের নীচে অবস্থিত থাকিবে;

- (খ) ডেক লাইন ডিক্ষ হইবে ৩০০ মিলিমিটার বরিব্যাস ও ২৫ মিলিমিটার প্রশস্তবিশিষ্ট একটি বৃত্ত। ফ্রি-বোর্ড লাইনের উর্ধ্ব প্রান্ত লোড লাইন ডিক্ষ এর কেন্দ্রের ভিতর দিয়া অতিক্রম করিবে;
- (গ) জাহাজে যদি অনেকগুলি ফ্রি-বোর্ড থাকে তবে উক্ত ফ্রি-বোর্ডসমূহ ১৫০ মিলিমিটার দীর্ঘ ও ২৫ মিলিমিটার প্রশস্ত রেখা দ্বারা চিহ্নিত করিতে হইবে, যাহার উর্ধ্ব প্রান্ত প্রকৃতপক্ষে অনুমোদিত সর্বাধিক ড্রাফট এ এবং শান্ত জলসীমা ফ্রি-বোর্ডের সম্মুখভাগে থাকিবে। তিনি ভিন্ন ফ্রি-বোর্ড এর চিহ্ন ২৫ মিলিমিটার প্রশস্ত উলম্ব বা খাড়া (vertical) রেখার দ্বারা সংযুক্ত করিতে হইবে;
- (ঘ) ভিন্ন ভিন্ন ফ্রি-বোর্ড একটি অক্ষর দ্বারা ফ্রি-বোর্ড লাইনের সম্মুখ প্রান্তে চিহ্নিত হইবে, উক্ত অক্ষর ৫ মিলিমিটার পুরু রেখাসহ অনুন ৫০×৩০ মিলিমিটার আকারের হইতে হইবে এবং চিহ্নিত করার নম্রনা হইবে নিম্নরূপ, যথা—
- (অ) শৃঙ্খলজলরাশির জন্য অক্ষর S
- (আ) অশান্ত জলরাশির জন্য অক্ষর R
- (ঙ) ড্রাফট ((draft) চিহ্নসমূহ জাহাজের উভয় পার্শ্বে জাহাজের অগ্রভাগের স্টেম (stem) ও জাহাজের পশ্চাদভাগে উলম্ব বা খাড়াভাবে স্থায়ীরূপে চিহ্নিত করিতে হইবে। মেট্রিক পদ্ধতিতে প্রতোক মিটার ড্রাফট (draft) নিম্ন প্রান্ত প্রকৃত ড্রাফট (draft) এ বাখিয়া ১৫ মেট্রিমিটার উচ্চ ও ১৫ মিলিমিটার পুরু ইংরেজী সংখ্যা দ্বারা এবং ড্রাফট (draft) এর প্রতোক ২০ মেট্রিমিটারের মধ্যে নিম্ন প্রান্ত প্রকৃত ড্রাফট-এ বাখিয়া ১০ মেট্রিমিটার উচ্চ ও ১০ মিলিমিটার পুরু ইংরেজী সংখ্যা দ্বারা চিহ্নিত করিতে হইবে। ড্রাফট (draft) যদি ফুট হিসাবে চিহ্নিত করা হয়, তাহা হইলে প্রতোক ফুট এবং নিম্ন প্রান্ত প্রকৃত ড্রাফট (draft) এ বাখিয়া ৬ ইঞ্চিং উচ্চ ও ১ ইঞ্চি পুরু সংখ্যা দ্বারা চিহ্নিত করিতে হইবে।

অধ্যায়-৩

কাঠামোগত যোগ্যতা

৫। প্রয়োগ। —এই অধ্যায় ওধূমাত্র নতুন জাহাজ ও ভাসমান সরঞ্জামসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৬। দরজা ও সিল (Sills)। —দেওয়াল বা পরিকাঠামোর যেইসব প্রবেশদ্বার দিয়া ফ্রি-বোর্ড ডেক এর নীচের স্থানসমূহে প্রবেশ করা যায় সেইসব প্রবেশদ্বার পানিরোধী বা আবহাওয়ারোধী হইতে

হইবে এবং উহার সিল (Sills) উচ্চতা অন্তুন ১৫০ মিলিমিটার হইতে হইবে। টাগসমূহে সিল (Sills) উচ্চতা অন্তুন ৩০০ মিলিমিটার হইতে হইবে :

তবে শর্ত থাকে যে, চট্টগ্রাম যাতায়াতের জন্য নির্মিত নৌযানের ক্ষেত্রে সিলের পরিমাণ অন্তুন ৪৫০ মিলিমিটার হইতে হইবে।

৭। প্রবেশ হ্যাচ। —ফ্রি-বোর্ড ডেক এর নীচের সকল প্রবেশ হ্যাচ পানিরোধী হইতে হইবে এবং উহাতে অন্তুন ৪৫০ মিলিমিটার উচ্চতাবিশিষ্ট কোমিং (coaming) থাকিতে হইবে।

৮। পোর্ট হোল ও স্কাই লাইট। —ফ্রি-বোর্ড ডেক এর নীচের স্থানসমূহে প্রবেশ করিবার উপর্যুক্ত সকল পোর্ট হোল ও স্কাই লাইট আবহাওয়ারোধী হইতে হইবে। ফ্রি-বোর্ড ডেক এর নীচে কোন জানালা থাকিবে না।

৯। কার্গো হ্যাচ কোমিং। —কার্গো হ্যাচ কোমিংসমূহের উচ্চতা অন্তুন ৪৫০ মিলিমিটার হইতে হইবে। তবে, চট্টগ্রাম যাতায়াতের জন্য নির্মিত নৌযানের ক্ষেত্রে কার্গো হ্যাচ কোমিংসমূহের উচ্চতা অন্তুন ৭৫০ মিলিমিটার হইতে হইবে।

১০। হ্যাচ ঢাকনা (hatch cover)। —কার্গো হ্যাচ ঢাকনাসমূহ মজবুত, দৃঢ় ও গৌড়, বাতাস, বাড় বা দুর্ঘাগ্রে অভিহ্রন্ত হইবে না এইরূপ আবহাওয়ারোধী হইতে হইবে।

১১। বায়ুনল (air pipe)। —ট্যাংকসমূহে প্রবিষ্ট বায়ুনলসমূহ ফ্রি-বোর্ড এবং এর উপরে অন্তুন ৪৫০ মিলিমিটার পর্যন্ত প্রসারিত থাকিতে হইবে এবং উক্ত বায়ুনলসমূহ goose necks এর সহিত সংযুক্ত থাকিতে হইবে। তবে, চট্টগ্রাম এর জন্য নির্মিত নৌযানের ক্ষেত্রে বায়ুনলসমূহ অন্তুন ৭৫০ মিলিমিটার হইতে হইবে।

১২। ক্ষাপার (Scupper) এবং ফ্রিইং পোর্ট (Freeing Port)। —ডেক হইতে পানি নিষ্কাশনের জন্য জাহাজের ক্ষাপার ও ফ্রিইং পোর্টসমূহ এবং বুলওয়ার্ক (bulwarks) অভ্যন্তরীণ ইস্পাত নির্মিত নৌযান নির্মাণ নির্দেশনালা অনুযায়ী পর্যাপ্ত আকারের হইতে হইবে।

অধ্যায়-৮

ফ্রি-বোর্ড এবং নিরাপত্তা দূরত্ব

১৩। যাত্রীবাহী জাহাজ এবং উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চ। —(১) শাস্ত সময়ের বার মাসে প্রশাস্ত জলে এবং বাতুভিত্তিক অশাস্ত জলে চলমান আবহাওয়া ডেকের যাত্রীবাহী জাহাজের জন্য অন্তুন ফ্রি-বোর্ড ৩০০ মিলিমিটার হইবে। শাস্ত সময়ের বার মাসে প্রশাস্ত জলে এবং বাতুভিত্তিক অশাস্ত জলে চলমান উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চের (আবহাওয়ার ডেক ছাড়া) জন্য নিরাপত্তা দূরত্ব অন্তুন ৫০০ মিলিমিটার হইবে।

(২) জাহাজের ফ্রি-বোর্ড International Load Line Convention, 1996 এর চাহিদা মোতাবেক অথবা নিম্নবর্ণিত উপায়ে হিসাব করিতে হইবে, যথা :—

মিলিমিটারে ফ্রি-বোর্ড নির্ধারণ (F) —

- (ক) জাহাজের দৈর্ঘ্য (L) ২৪ মিটার পর্যন্ত $F = ৩০০$ মিলিমিটার
- (খ) জাহাজের দৈর্ঘ্য (L) $২৪ < L \leq ৪৫$ মিটার; $F = ৮ \times (L - ২৪) + ৩০০$ মিলিমিটার
- (গ) জাহাজের দৈর্ঘ্য (L) $৪৫ < L \leq ৫৫$ মিটার; $F = ৯ \times (L - ২৪) + ৩০০$ মিলিমিটার
- (ঘ) জাহাজের দৈর্ঘ্য (L) $৫৫ < L \leq ৬০$ মিটার; $F = ৮ \times (L - ২৪) + ৩০০$ মিলিমিটার

১৪। যাত্রী/মোটরগাড়ী ফেরী। —যাত্রী/মোটরগাড়ী ফেরীসমূহ কেবল বর্ষব্যাপী শাস্তি জলসীমায় পারাপার করিবে। ফ্রি-বোর্ড প্রশংসিততাৱ (B) ৫% বা ৫০০ মিলিমিটার, যাহা বৃহত্তর হইবে, এৱে কম হইতে পারিবে না।

১৫। সড়ক ফেরী। —সড়ক ফেরী কেবল বর্ষব্যাপী শাস্তি জলসীমায় পারাপার করিবে। ফ্রি-বোর্ড প্রশংসিততাৱ (B) ৫% বা ৫০০ মিলিমিটার, যাহা বৃহত্তর হইবে, এৱে কম হইতে পারিবে না।

১৬। মালবাহী জাহাজ। —(১) বর্ষব্যাপী শাস্তি জলসীমায় ও মৌসুমী অশাস্তি জলসীমায় শাস্তি সময়কালে মালবাহী জাহাজসমূহে ফ্রি-বোর্ড অন্তর্ভুক্ত ১৫০ মিলিমিটার হইতে হইবে। যদি বর্তমানে ব্যবহৃত জাহাজগুলি হ্যাচ কোমিং ৪৫০ মিলিমিটার এৱে কম থাকে তাহা হইলে, হ্যাচ কোমিংসমূহ ৪৫০ মিলিমিটার হইতে যে পরিমাণ কম, ফ্রি-বোর্ড ঠিক সে পরিমাণে বৃদ্ধি করিতে হইবেঃ

শর্ত থাকে যে, চাঁচাগাম যাতায়াতের জন্য নির্মিত নৌযানের ফেত্রে এই হ্যাচ কোমিং এৱে উচ্চতা ৬০০ মিলিমিটার এৱে কম হইবে না।

(২) বর্ষব্যাপী অশাস্তি জলসীমায় ও মৌসুমী অশাস্তি জলসীমায় অশাস্তি সময়কালে উপ-ধারা (১), এ বিনির্দেশিত ফ্রি-বোর্ড ১০০ মিলিমিটারে বৃদ্ধি করিতে হইবে।

১৭। ট্যাংকার। —(১) বর্ষব্যাপী শাস্তি জলসীমায় ও মৌসুমী অশাস্তি জলসীমায় শাস্তি সময়কালে মালবাহী জাহাজসমূহে ফ্রি-বোর্ড অন্তর্ভুক্ত ৫০ মিলিমিটার হইতে হইবে। বিদ্যুমান ট্যাংকগুলির প্রবেশ হ্যাচ কোমিংসমূহ যদি ৪৫০ মিলিমিটার এৱে কম হয়, তাহা হইলে ফ্রি-বোর্ড এই পার্থক্যের ৫০% পরিমাণে বৃদ্ধি করিতে হইবে।

(২) বর্ষব্যাপী অশাস্তি জলসীমায় ও মৌসুমী অশাস্তি সময়কালে উপ-বিধি (১) এ বিনির্দেশিত ফ্রি-বোর্ড ৫০ মিলিমিটার বৃদ্ধি করিতে হইবে।

১৮। টাগ। —(১) বর্ষব্যাপী অশাস্তি জলসীমায় ও মৌসুমী শাস্তি জলসীমায় শাস্তি খতুতে টাগ এ ফ্রি-বোর্ড প্রশংসিততাৱ (B) কমপক্ষে, ৫% হইতে হইবে, তবে ২৫০ মিলিমিটারের কম হইতে পারিবেন না।

(২) বর্ষব্যাপী অশান্ত জলসীমা ও মৌসুমী অশান্ত জলসীমায় অশান্ত ঘাততে উপ-বিধি (১) বিনিয়োগিত ফ্রি-বোর্ড ১৫০ মিলিমিটার বৃদ্ধি করিতে হইবে।

১৯। সার্ভিস নৌযান। —সার্ভিস নৌযানসমূহের জন্য বিধি ১৩এর বিধান প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, জাহাজ ১২ ডিগ্রি কাত হইয়া থাকা অবস্থায় ১০০ মিলিমিটার ফ্রি-বোর্ড থাকিতে হইবে।

২০। ডাম্ব বার্জ। —ডাম্ব বার্জসমূহ ফ্রি-বোর্ড প্রশংসতার ৫% কম হইতে হইবে, তবে তাহা ২০০ মিলিমিটারের কম হইতে পারিবে না। যদি হ্যাচ কোমিং এর উচ্চতা ৪৫০ মিলিমিটারের কম হয়, তাহা হইলে ফ্রি-বোর্ড উক্ত পার্থক্যের ৫০% বৃদ্ধি করিতে হইবে। যদি বার্জ অশান্ত জলসীমায় চালনা করা হয়, তবে ফ্রি-বোর্ড উপর্যুক্ত প্রযোজনের উপর আরো ৫০% বৃদ্ধি করিতে হইবে।

২১। পল্টুন। —ন্যূনতম ফ্রি-বোর্ড পল্টুন এর প্রশংসতার ৫% হইতে হইবে।

২২। ভাসমান সরঞ্জাম। —ভাসমান সরঞ্জামের আকার ও প্রকারের উপর নির্ভর করিয়া এবং সরঞ্জামের নিরাপদ চালনার বিষয়টি বিবেচনায় রাখিয়া সরঞ্জাম ভেদে অভ্যন্তরীণ নিরাপত্তা প্রশাসন (ISSA) প্রয়োজনীয় ফ্রি-বোর্ড নির্ধারণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাসির উদ্দিন
উপ-সচিব (জাহাজ)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফন্ডমেন্ট ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।